

১০২৫
৫৮

সার্কভুক্ত দেশের নারীদের জন্য ডেটাবেইজ প্রটোকল হচ্ছে

যাযাপি রিপোর্ট

সার্কভুক্ত দেশের নারীদের জন্য ডেটাবেইজ প্রটোকল তৈরি হবে। এ প্রটোকলে বিভিন্ন দেশের সমস্যা অনুযায়ী ট্রাফিকিং, বাধ্যবিত্ত্যে, অ্যাসিড নিক্বেপসহ নানাবিধ সামাজিক সমস্যা এবং নারী সংক্রান্ত সব তথ্য থাকবে।

গতকাল স্থানীয় একটি হোটেলে আয়োজিত 'সার্ক টেকনিক্যাল কমিটি অন উইমেন, ইয়ুথ অ্যান্ড চিলড্রেন'-এর দ্বিতীয় মিটিংয়ে এ তথ্য পাওয়া যায়। সার্ক এবং ইউনিফেমের যৌথ উদ্যোগে প্রকাশিত 'জেন্ডার ইনিশিয়েটিভস ইন সার্ক : এ প্রিমিয়ার' বইয়ের উদ্বোধন শেষে প্রধান অতিথি নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব রোকেয়া সুলতানা সাংবাদিকদের সঙ্গে কথা বলেন।

তিনি বলেন, এটা সার্ক টেকনিক্যাল কমিটির দ্বিতীয় মিটিং। প্রথম মিটিংও ২০০৪ সালে বাংলাদেশে হয়েছে। প্রথম কমিটির গৃহীত সিদ্ধান্তগুলো কতোটা বাস্তবায়িত হয়েছে তা মূল্যায়ন করা হবে

এ মিটিংয়ে। নারীকে মূলধারায় আনাসহ তাদের ক্ষমতায়ন, শিশু এবং ইয়ুথদের বিষয়ে মিটিংয়ে আলোচনা হবে বলে তিনি জানান। তিনি আরো জানান, সার্কভুক্ত দেশগুলোর ইয়ুথদের মধ্যে অভিজ্ঞতা বিনিময়ের জন্য ইয়ুথ ক্যাম্প হবে ২০০৮ সালের নভেম্বরে বাংলাদেশে।

অনুষ্ঠানে বিশেষ বক্তা ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব বেগম মুশফিকা ইকফাৎ ইউনিফেমের মি. করুনা নন্দী এবং ইউনিসেফের ড. চন্দ্র কালা ভদ্র।

ইউনিফেমের মি. করুনা নন্দী বলেন, আমরা এ অঞ্চলে জেন্ডার ইকুয়ালিটি এবং নারীর ক্ষমতায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছি।

দুদিনব্যাপী এ মিটিংয়ে বাংলাদেশের আটজনসহ সার্কভুক্ত অন্যান্য দেশের মোট ১৫ জন অংশ নিচ্ছেন। আফগানিস্তানের দুজন সদস্য মিটিংয়ে অংশ নেয়ার কথা থাকলেও শেষ পর্যন্ত একজনও আসেননি।